যায়যায়দিন

13 AUG 2009

তারিখ ... 13 AUG 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

# আধুনিক সিলেবাস প্রণয়ন করা হবে : শিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশে মানসম্মত শিক্ষার অভাব রয়েছে। শিক্ষাকে বিশ্বমানে পৌঁছাতে আধুনিক সিলেবাস প্রণয়ন করা হবে। বিজ্ঞানভিত্তিক সমাজ এবং শিশুদের বিজ্ঞানমনস্ক হিসেবে গড়ে তুলতে শিক্ষিত সমাজ গড়ে তুলতে হবে। বুধবার যুগান্তর-ক্যামব্রিয়ান দেশজুড়ে ডিজিটাল ক্যাম্পাস ও সপ্তম আন্তর্জাতিক শিক্ষামেলা উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী একথা বলেন।

তিনি বলেন, শতকরা ৯ ভাগ শিশু কখনো স্কুলে যায় না। প্রাথমিক স্কুলের গণ্ডি পেরোনোর আগেই শতকরা ৪৮ ভাগ শিক্ষার্থী ঝরে পড়ে।

২০১৫ সালের মধ্যে সরকার সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে বদ্ধপরিকর। সরকার ২০১১ সালের মধ্যে স্কুলে যাওয়ার উপযোগী সব শিশুর ভর্তি নিশ্চিত করার উদ্যোগ নিয়েছে। ঝরে পড়া রোধে নানা পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে শিক্ষামন্ত্রী জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, দৈনিক যুগান্তরের সম্পাদক অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি। এ সময় আরো উপস্থিত ছিলেন বিএসবি ফাউন্ডেশনের চেয়ারম্যান এম কে বাশার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, যুগান্তরের নির্বাহী সম্পাদক সাইফুল ইসলাম, বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, রাষ্ট্রদূত এবং বিশ্বের বিভিন্ন দেশ থেকে আসা বিশ্ববিদ্যালয় ও কলেজ প্রতিনিধি।

আয়োজকরা জানান, আজ থেকে রাজধানীর শেরাটন হোটেলে তিন দিনব্যাপী বাংলাদেশ আন্তর্জাতিক শিক্ষামেলা শুরু হবে। মেলায় যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া, চীন, মালয়েশিয়া, ফিনল্যান্ড, সাইপ্রাস, ভারত, আয়ারল্যান্ড, থাইল্যান্ড ও সুইডেনসহ বিশ্বের ২০টি দেশের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা অংশগ্রহণ করবেন। প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত মেলা থেকে বিশ্বের বিভিন্ন দেশের, বিশ্ববিদ্যালয়ের ভিসা প্রসেসসহ বিস্তারিত তথ্য জানা যাবে।